বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ
বিজ্ঞপ্তি

নং শা-৭/১৪৩/সংস্থাপন তারিখঃ ১৫.০৯.২০২৪

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন অনুষদ/ বিভাগ/ শাখায় কর্মরত, শিক্ষক, কর্মকর্তা ও নিয়মিত কর্মচারীদের মধ্যে যাঁরা বিশ্ববিদ্যালয় চত্বরে বাসা বরাদ্দ পেতে আগ্রহী এবং যাঁরা বর্তমান বাসা অপেক্ষা উন্নতমানের বাসা বরাদ্দ পেতে ইচ্ছুক, তাদের নিকট হতে ৩০.০৬.২০২৪ তারিখের অর্জিত পয়েন্ট গণনা পূর্বক, এ অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে নতুনকরে দরখাস্ত আগামী ৩০.০৯.২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য অনুরোধ জ্ঞাপন করা যাচ্ছে। উল্লেখ যে, বিশ্ববিদ্যালয়ের কিছু বাসা নুতনকরে খালি হওয়ার কারণে আবেদনকারীদের আবেদন/পছন্দক্রম যথাযথভাবে মুল্যায়ণের স্বার্থে ইতোপুর্বে বিগত ০১.০৮.২০২৪ তারিখে শা-৭/১৩২/ সংস্থাপনমূলে জমাদানকৃত আবেদনগুলো বিবেচনা করার সুযোগ নেই। তবে প্রয়োজনে আবেদনকারীগণ ইতোপুর্বে জমাদানকৃত আবেদনগুলো সংশ্লিষ্ট অফিস থেকে ফেরৎ নিতে পারবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, কর্মচারীদের আবেদন সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধান কর্তৃক প্রতি-স্বাক্ষরিত হতে হবে।

<u>প্রসংগত নিম্নলিখিত তথ্যাবলীর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হল ঃ-</u>

১। বাসা বরাদ্দের জন্য ৩০.০৯.২০২৪ নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

২। বাসা বরাদ্দের জন্য বাসার পছন্দক্রম সঠিক এবং স্পষ্টভাবে লিখতে হবে (খালি বাসার তালিকা সংযুক্ত), নির্ধারিত তারিখের (৩০.০৯.২০২৪) পর পছন্দক্রম সংশোধন করা যাবেনা।

৩। কমিটি কর্তৃক বরাদ্দকৃত খালি বাসাটি আদেশনামা ইস্যুর ১৫ (পনের) দিনের মধ্যে এষ্টেট অফিসার মহোদয়ের নিকট হতে বুঝে নিতে হবে। নতুন বরাদ্দকৃত বাসা বুঝে নেয়ার ২ (দুই) মাসের মধ্যে দখল গ্রহণ করতে হবে এবং পূর্বের বরাদ্দকৃত বাসা (যদি থাকে) সম্পূর্ণ খালি অবস্থায় এষ্টেট অফিসার মহোদয়ের নিকট বুঝিয়ে দিতে হবে। অন্যথায়, নতুন বরাদ্দকৃত খালি বাসাটি আপনা আপনি বাতিল বলে গন্য হবে এবং বরাদ্দাদেশ ইস্যুর তারিখ হতে ৬ (ছয়) মাস সময়কাল পর্যন্ত কক্ষ/বাসা বরাদ্দের কোন আবেদন বিবেচিত হবে না।

৪। শিক্ষক/কর্মকর্তাদের আবেদন ফরমে সকলের দৃষ্টি আকর্ষনের জন্য অবহিত করা যাচ্ছে যে, পয়েন্ট গণনায় X বলতে কেবলমাত্র শিক্ষকদের বেলায় এডহক (যদি থাকে) চাকুরীকালের মাস গণনা করা হবে এবং কর্মকর্তাদের বেলায় ৩য় শ্রেনীর কর্মচারী হিসেবে চাকুরীকালের মাস গণনা যোগ্য হবে।

৫। বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের বাসা ও গ্যারেজ বরাদ্দের সকল আবেদন অর্কাযকর হবে।

৬। শিক্ষক, কর্মকর্তা এবং তৃতীয় শ্রেনী কর্মচারীগণ পূরণকৃত নির্ধারিত ফরমের মূলকপি এবং সেলারি সীটের (৩০.০৬.২০২৪ তারিখের পূর্বের) ফটোকপি/অনুলিপি এবং চাকুরিতে যোগদান ও উচ্চতর পদে যোগদান (পদোন্নতি)-এর আদেশনামার ফটোকপি/অনুলিপি এবং চতুর্থ শ্রেনী কর্মচারীগন পূরণকৃত নির্ধারিত ফরমের মূলকপি এর সাথে শুধুমাএ চাকুরিতে যোগদান এর আদেশনামা ও ফটোকপি/অনুলিপি রেজিস্ট্রার অফিস (সংস্থাপন-৭)-এ জমা দিতে হবে।

৭। অসম্পূর্ণ আবেদনপত্র/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ভাইস-চ্যান্সেলর (দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

মেমো নং শা-৭/১৪৩(১২০)/ সংস্থাপন তারিখঃ- ১৫.০৯.২০২৪

সকল অনুষদীয় ডিন, কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষনা কমিটি, ছাত্র বিষয়ক উপদেষ্টা, সভাপতি, আবাসন কমিটি, রেজিস্ট্রার, কোষাধ্যক্ষ, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, পরিচালক, জিটিআই/বাউরেস/বাউএক/কেন্দ্রীয় ল্যাবরেটরি/সীড প্যাথলজি সেন্টার/ এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট/কৃষি মিউজিয়াম/পরিবহন/ভেটেরিনারি টিচিং হাসপাতাল/আইসিটি সেল, সকল বিভাগীয় প্রধান, সকল হলের প্রভোস্ট, প্রোক্টর, লাইব্রেরিয়ান, চীফ মেডিক্যাল অফিসার, প্রধান খামার তত্ত্বাবধায়, প্রধান প্রকৌশলী, পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা, পরিচালক, ক্রীড়া প্রশিক্ষন বিভাগ, এডিশনাল রেজিস্ট্রার(শিক্ষা), এডিশনাল রেজিস্ট্রার(সংস্থাপন)-৪/৫/৬, প্রধান যন্ত্র প্রকৌশল, নিবার্হী মেডিক্যাল অফিসার , স্বাস্থ্য প্রতিষেধক শাখা, প্রধান নিরাপত্তা কর্মকর্তা, সকল শাখা প্রধান , ভারপ্রাপ্ত কর্মকর্তা, অতিথি ভবন, সহকারী রেজিস্ট্রার, পরিষদ বিভাগ, ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়, মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে সংস্থাপন শাখা-১ (গার্ড ফাইল)।

15-09-2024

এডিশনাল রেজিস্ট্রার (সংস্থাপন)